(ঘ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ বৈজ্ঞানিক এবং শিল্প গবেষণা পারিষদ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট ও বাংলাদেশ ধান গবেষণা ইনষ্টিটিউট, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ, বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট এবং বাংলাদেশ চা গবেষণা ইনষ্টিটিউট জাতীয় বেতন স্কেল টাকা ২৮৫০-৫১৫৫/- এর কোন পদে প্রথম নিয়োগপ্রাপ্ত একজন কর্মকর্তাকে ২টি অগ্রিম বেতন বৃদ্ধি মঞ্জুর করা হইবে যদি—

(১) পদটি গবেষণামূলক পদ হিসাবে নির্দিষ্ট থাকে; এবং

(২) সংশ্লিষ্ট ব্যক্তির নিম্নলিখিত যোগ্যতাগুলির মধ্যে কমপক্ষে যে কোন একটি থাকেঃ—

(ক) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং ইঞ্জিনিয়ারিং এ ১ম শ্রেণীর ডিগ্রীধারী হইয়া থাকেন;

(খ) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং কৃষিতে ১ম শ্রেণীর ডিগ্রীধারী (উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট লাভের পর ৪ বৎসরের কোর্স সম্বলিত) হইয়া থাকেন।

(গ) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং বিজ্ঞান বিষয়ে ১ম শ্রেণী মাষ্টার্স ডিগ্রীধারী হইয়া থাকেন;

(ঘ) তিনি শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী বা ৩য় বিভাগে উত্তীর্ণ না হইয়া থাকেন এবং ১ম শ্রেণীর সম্মান ডিগ্রীসহ বিজ্ঞান বিষয় ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রীধারী হইয়া থাকেন;

(ঙ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ১ম বিভাগে উত্তীর্ণ হইয়া থাকেন এবং কমপক্ষে ৬০% নম্বরসহ চিকিৎসা বিষয়ে স্নাতক ডিগ্রীধারী হইয়া থাকেন ঃ

তবে আরও শর্ত থাকে যে, উপরের দফা ১(ঘ) অনুসারে যাঁহাদেরকে বেতন বৃদ্ধি মঞ্জুর করা হইবে, তাঁহারা ১ (ক) হইতে ১(গ) উপ-দফা অনুসারে কোন বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন না ঃ

তবে আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হইয়া থাকেন এবং যদি ঐ লাইসেন্স তাঁহার পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত হইয়া থাকে, তাহা হইলে তিনি ১টি বেতন বৃদ্ধি পাইবেন।

